Information for Parents

সাফল্য অর্জন করা

পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং

বাচ্চাদের জীবনে মা-বাবা, অভিভাবক এবং পরিবারের লোকরা সবচেয়ে বেশি অবদান ও প্রভাব রেখে থাকেন। লেখাপড়া, লেখাপড়ায় অগ্রগতি নিয়ে আপনার বাচ্চার সাথে আলোচনা করে এবং পরবর্তী পাঠলক্ষ্য ঠিক করে নেওয়ার তাকে করে আপনিও আপনার বাচ্চার শিক্ষায় সত্যিকারের পরিবর্তন নিয়ে আসতে পারেন। তাছাড়া লিখিত রিপোর্ট পড়ে, প্যারেন্ট্স ইভনিং এবং মিটিং-এ যোগ দিয়ে এবং এগুলোর সাথে সাথে পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং এর (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনার) মাধ্যমেও আপনার বাচ্চা লেখাপড়ায় কেমন করছে, তা জেনে নিতে পারেন।

স্কুলগুলো কি কি করছে?

লেখাপড়ার দায়-দায়িত্ব নিজেদের কাঁধে নেওয়ার জন্য স্কুলগুলো বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের সাহায্য ও সহযোগিতা করছে। একই সাথে এক ক্লাস থেকে অন্য ক্লাসে উত্তীর্ণ হতে থাকাকালে পড়ালেখার ও জীবনের সঠিক পথ পছন্দ করে নেওয়ার দায়-দায়িত্ব নিজেদের কাঁধে নেওয়ার জন্য তাদেরকে উৎসাহ দিয়ে যাচ্ছে। স্কুলগুলোর লক্ষ্য হলো বাচ্চাদেরকে সাহায্য করা:

- সফল শিক্ষার্থী হতে
- আত্ম-বিশ্বাসী হয়ে উঠতে
- দায়িত্বশীল নাগরিক হতে
- সমাজে ফলপ্রসূ অবদান রাখতে।

বর্তমান যুগের লেখাপড়ায় বইপুস্তক পড়া ও হিসাব নিকাশ ছাড়াও আরো অনেক কিছু শিখতে হয়। প্রাপ্ত-বয়স্ক জীবনের জন্য প্রয়োজনীয় দক্ষতা ও পারদর্শীতা অর্জন করার জন্য আপনার বাচ্চা শিখবে:

- শিখার পদ্ধতি যার মধ্যে থাকবে
- নিজেই নিজের লক্ষ্য নির্ধারণ করা
- নিজের অগ্রগতি মূল্যায়ন ও নির্ণয় করা
- নিজের লক্ষ্য এবং উচ্চাকাঙ্খা চিহ্নিত করা
- স্বনির্ভর হয়ে উঠা
- নিজেদের উপর আস্থা অর্জন করা।

স্কুলের কারিকুলাম বা পাঠ্যক্রম আগের থেকে আরো নমনীয় করে নেওয়া হচ্ছে; যাতে করে 3 থেকে 18 বছর বয়সের সব বাচ্চা ও যুবক যুবতীদের শিক্ষাগত চাওয়া তা আরো ভালভাবে পরিপূরণ করতে পারে। কারিকুলাম থেকে যাতে প্রতিটি বাচ্চা লেখাপড়ার প্রয়োজনীয় সুযোগ পায়, তা নিশ্চিত করে জন্য স্কুলগুলো লেখাপড়ার অগ্রগতি নির্ণয় ও রেকর্ড করার নতুন কিছু পদ্ধতি আবিষ্কার করছে। পার্সোন্যাল লার্নিং প্লানিং হলো ঐ পদ্ধতিগুলোর অন্যতম।

পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং?

গবেষণায় দেখা গেছে যে বাচ্চারা তখনই সবচেয়ে ভাল শিখে থাকে যখন:

- যা শিখার চেষ্টা করছে তা স্পষ্ট করে বুঝে
- তাদের জানা থাকে তাদের কাছ থেকে টিচার ও মা-বাবারা কি কি আশা করছেন
- তাদের লেখাপড়ার মান ভাল মন্দ সমাদোচনা লাভ করে
- লেখাপড়ার কাজ উন্নত করা সম্পর্কে তাদেরকে পরামর্শ ও উপদেশ পায়
- পরবর্তী পাঠলক্ষ্য নির্ধারণে তারা শরীক থাকে
- সাহায্যের প্রয়োজন হলে কে সেই সাহায্য প্রদান করতে পারবেন তা তাদের জানা থাকে।

পার্সোন্যাল লার্নিং প্লানিং হলো এমন একটি পদ্ধতি যেটি উপরোক্ত প্রতিটি বিষয় বিষয় বিবেচনায় নিয়ে আপনার বাচ্চার প্রতিভার পরিপূর্ণ বিকাশ ঘটাতে সাহয্যে করবে। এটি হলো লেখাপড়া নিয়ে আপনার, আপনার বাচ্চার এবং বাচ্চার টিচারের মধ্যে একটি আলোচনা। আলোচনায় আপনার বাচ্চা কি কি শিখবে, তার সাফল্যের এবং অগ্রগতির লক্ষণগুলো দেখতে কেমন হবে, এবং সন্নিলিতি ভাবে পরবর্তী পাঠলক্ষ্য পরিকল্পনা করা, ইত্যাদির উপর দৃষ্টি প্রদান করা হবে।

এতে কি কি জড়িত রয়েছে?

স্কুলগুলো পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং নিয়ে আলোচনার ফলাফল আপনার, আপনার বাচ্চার এবং স্কুলের সবচেয়ে উপযুক্ত উপায়ে ধারণ করে রাখবে। একটি কাগজে পাঠলক্ষ্যের আকারে, একটি ডায়রি হিসাবে বা মূল বিষয়গুলো লিখে রাখার আকারে, অথবা অন্য কোনো পদ্ধতিতে যেমন ফটো অথবা ভিডিও করে পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং রাখা হতে পারে। যে ভাবেই রাখা বা রেকর্ড করা হোক না কেন, পার্সোন্যাল লার্নিং দলিলটি আপনার বাচ্চার কাছে থাকবে এবং সময়ে সময়ে আপনার বাচ্চা অথবা তার টিচার নতুন সাফল্য এবং পাঠলক্ষ্য তাতে যোগ করবেন। তবে গুরুত্ব সহকারে মনে রাখা দরকার যে পার্সোন্যাল লার্নিং এর কাগজপত্রের চেয়ে আপনার, আপনার বাচ্চার এবং তার টিচারের মধ্যে যোগাযোগ রক্ষা করাকে বেশি গুরুত্ব দিতে হবে।

স্কুলের ও বাচ্চাদের লেখাপড়ার কাজে মা-বাবাদের শরীক করা এবং পার্সোন্যাল প্ল্যানিং এর বিয়াদি লিখে রাখার নিজস্ব ব্যবস্থা ও পদ্ধতি রয়েছে। আপনার বাচ্চার স্কুল কিভাবে তা করে, তা স্কুল থেকে জেনে নিন।

আমার বাচ্চা কিভাবে উপকৃত হবে?

পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং-এ অংশ নিয়ে আপনার বাচ্চা:

- আরো বেশি করে নিজের লেখাপড়ার দায়-দায়িত্ব নিজের উপর নিতে পারবে
- তার আত্ম-বিশ্বাস এবং আত্ম-সচেতনা বাড়বে
- নিজের ভবিষ্যৎ নিয়ে পরিকল্পনায় শরীক হওয়ার প্রয়োজনীতা বুঝতে পারবে।

আপনার বাচ্চা স্কুলে যা লেখাপড়া করবেই কেবলমাত্র তাই বিবেচনায় নেওয়া হবে না। স্কুল বহির্ভুত বিভিন্ন ক্রিয়াকর্মে সাফল্যতা, যেমন খেলাধূলায় অথবা গানবাজনায় কিংবা অন্য যে কোনো সৃজনশীল কাজে সাফল্যও রেকর্ড করা হবে।

স্কুলগুলো কি কি করছে?

আপনার বাচ্চার পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং এর ব্যাপারে সাহায্য করার সবচেয়ে কার্যকরী উপায় হলো তার সাথে নিম্নলিখিত বিষয়গুলো নিয়ে আলাপ করা:

- স্কুলে এবং স্কুলের বাইরে সে যা কিছু শিখছে
- লেখাপড়ার অগ্রগতি সম্পর্কে সে নিজে কি মনে করে
- স্কুলে এবং স্কুল বহির্ভুত বিভন্ন ক্রিয়াকর্মে তার অর্জিত সাফল্য
- ভবিষ্যতে সে যা যা অর্জন করতে চায় বা যেসব বিষয়ে সফল চায়।

আপনার বাচ্চার লেখাপড়ার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হলো আপনার সাহায্য এবং স্কুল আপনার মতামত সাদরে গ্রহণ করবে। আপনি প্ল্যানিং প্রক্রিয়ায় শরীক থাকলে আপনার বাচ্চার পার্সোন্যাল লার্নিং হবে বেশি কার্যকরী এবং আপনার বাচ্চা এটিতে বেশি মূল্য দেবে।

পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং এর ব্যাপারে আপনার কিভাবে সাহায্য করা যাবে সে সম্পর্কে জানার জন্য আপনার বাচ্চার স্কুলের সাথে যোগাযোগ করুন।

পার্সোন্যাল লার্নিং প্ল্যানিং অথবা স্কটিশ শিক্ষার যে কোনো বিষয় সম্পর্কে বিস্তারিত তথ্য প্যারেন্টজোন এর ওয়েবসাইটে পাবেন। ওয়েবসাইটের ঠিকানা হলো:
www.parentzonescotland.gov.uk

প্রয়োজনীয় সংযোগ এবং যোগাযোগ

প্যারেন্টজৌন (Parentzone) www.parentzonescotland.gov.uk

এসেসমেন্ট ইজ ফর লার্নিং (Assessment is for Learning) www.ltscotland.org.uk/assess

বিবিসি প্যারেন্টস (BBC Parents) www.bbc.co.uk/schools/parents

চাইল্ডকেয়ার লিংক (Childcare Link) টেলি: 0800 096 0296 www.childcarelink.gov.uk

ওয়ান প্যারেন্ট ফ্যামিলিজ স্কটল্যাণ্ড (One Parent Families Scotland)
টেলি: 0800 018 5026 www.opfs.org.uk

প্যারেন্টস্‌সেন্টার (Parentscentre) www.parentscentre.gov.uk

প্যারেন্টলাইন স্কটল্যাণ্ড (ParentLine Scotland)
টেলি: 0808 800 2222 www.children1st.org.uk/parentline

প্যারেন্ট নেটওয়ার্ক স্কটল্যাণ্ড (Parent Network Scotland)
টেলি: 0131 555 6780 www.parentnetworkscotland.org.uk

এনকোয়ার (Enquire) (শিক্ষা ক্ষেত্রে অতিরিক্ত সাহায্য দরকার এমন বাচ্চাদের জন্য স্কটিশ পরামর্শ সার্ভিস)
সাহায্যলাইন: 0845 123 23 03 টেকস্টফোন: 0131 222 2439 www.enquire.org.uk

মা-বাবা এবং অভিভাবক তাদের বাচ্চাদের শিক্ষায় যে পার্থক্য আনতে পারেন এবং এনেও থাকেন, তা তুলে ধরে ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলোর মধ্যে এই প্রচারপত্রটি হলো এগারোতম। আপনার বাচ্চার স্কুল থেকে আপনি যে পরামর্শ পাবেন তার সাথে মিলিয়ে ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলো থেকে আপনার বাচ্চার স্কুলের সাথে আরো ভালভাবে জড়িত হওয়ার প্রয়োজনীয় তথ্য আপনি পাবেন। আমদের প্রকাশিত অন্যান্য প্রচারপত্রগুলো হলো হোমওয়ার্ক, তথ্য বিনিময় (শেয়ারিং ইনফর্মেশন), মা-বাবাদের সাথে স্কুলের মিটিং (প্যারেন্টস ইভনিং), স্কুলের হলিডে (স্কুল হলিডেইজ), নতুন শিক্ষাবর্ষ শুরুকরণ (স্টার্টিং এ নিউ স্কুল ইয়ার), স্বাস্থ্যকর পছন্দ (হেলথি চয়েসেস), স্কুল ছুটির পর শিক্ষা (আউট অব স্কুল লার্নিং) এবং শিক্ষা ক্ষেত্রে এন্টারপ্রাইজ (এন্টারপ্রাইজ ইন এজুক্যাশন), শিক্ষা অর্জনে নতুন প্রযুক্তি (নিউ টেকনোলিজি ইন লার্নিং) এবং আপনার বাচ্চার স্কুলের সাথে শরীক হওয়া (গেটিং ইনভল্‌ভড ইন ইয়র চাইল্ডস স্কুল)। এসব প্রচারপত্রের সাথে উপরোক্ত বিষয়গুলো সম্পর্কে স্কুল এবং টিচারদের জন্য শিক্ষা-সামগ্রীও রয়েছে।

যদি আমাদের সাথে যোগাযোগ করতে চান, অথবা অন্য কোনো বিষয় নিয়ে প্রচারপত্র প্রকাশ করার অনুরোধ জানাতে চান, তাহলে অনুগ্রহপূর্বক www.parentzonescotland.gov.uk-এই ওয়েবসাইটে যান, অথবা 0131 244 0956 নাম্বারে ফোন করুন। এই প্রচারপত্রটি বিভিন্ন ভাষায় এবং নুমনায় আপনার বাচ্চার স্কুলে এবং প্যারেন্টজৌনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলো কোয়ালিটি ইন এজুক্যাশন সেন্টার (স্ট্র্যাথক্লাইড ইউনিভিার্সিটি) এবং চিলড্রেন ইন স্কটল্যাণ্ডের সাথে যৌথভাবে তৈরি করা হয়েছে।

এই অনুবাদে মুল ভাষায় লিখিত দলিলের সঠিক বিষয়বস্তু তুলে ধরা হয়েছে বলে মনে করা হয়।

Astron B46501 04-06 (Bengali)